

NYC তে ভ্রমণ সংক্রান্ত পরামর্শ (ট্রাভেল অ্যাডভাইজরি)

নিউ ইয়র্ক সিটিতে স্বাগতম!

উল্লেখযোগ্য মাত্রায় COVID-19 এর কমিউনিটি-বিস্তার ঘটেছে এমন স্টেটসমূহ থেকে ভ্রমণকারী যে কারও উপর নিউ ইয়র্ক স্টেট ভ্রমণ সংক্রান্ত পরামর্শ (ট্রাভেল অ্যাডভাইজরি) জারি করেছে।

সেই পরামর্শ অনুযায়ী, নিউ ইয়র্ক স্টেটের আইন অনুসারে আপনি যদি COVID-19 সংক্রমণের উচ্চ হার সম্পন্ন স্টেট থেকে এখানে ভ্রমণ করেন, তাহলে আপনাকে স্টেটের নিম্নলিখিত নির্দেশনা অনুসরণ করতে হবে অন্যথায় আপনার \$2,000 ডলার জরিমানা হতে পারে।

স্টেটের আইন অনুযায়ী

আপনি যদি এই স্টেটসমূহের কোনোটি থেকে এখানে ভ্রমণ করেন, এবং

আপনি সেই স্টেটে 24 ঘন্টার বেশি সময় ব্যয় করে থাকেন, আপনাকে নিচের নির্দেশনা অনুসরণ করতে হবে।

স্টেটের নির্দেশনা:

1. সবাইকে নিরাপদ রাখতে কোয়ারেন্টাইনে যান এবং অন্যদের কাছ থেকে আলাদা থাকুন। আপনি যখন আপনার রওনা দেবার স্থান ছাড়বেন তখন থেকে জরুরি প্রয়োজন বা মেডিকেল সেবা নেওয়ার জন্য ব্যতীত দয়া করে আপনার বাড়িতে বা আপনি যে জায়গায় অবস্থান করছেন সেখানে 14 দিনের জন্য অবস্থান করুন।
2. traveler.health.ny.gov ঠিকানায় ট্রাভেলার হেলথ ফরমটি পূরণ করুন অথবা নিচের কোডটি স্ক্যান করুন।



3. ভ্রমণ সংক্রান্ত পরামর্শের অধীনে আপনার অতিরিক্ত দায়িত্ব পর্যালোচনা করুন। নিউ ইয়র্কে আগমনকারী অত্যাবশ্যকীয় কর্মীদের জন্য শিথিলতা প্রযোজ্য হতে পারে। ny.gov/traveladvisory ঠিকানায় ভিজিট করুন।

যদি আপনি কোয়ারেন্টাইনে থাকার সময় আপনার সহায়তার প্রয়োজন হয়, এনওয়াইসি টেস্ট এন্ড ট্রেস কর্পস (NYC Test & Trace Corps) আপনাকে বাড়িতে বা বিনামূল্যে প্রাইভেট কোনো হোটেলে নিরাপদে আলাদা থাকতে সাহায্য করতে পারে। কোনো প্রশ্ন আছে? NYC COVID-19 হটলাইনে কল করুন **1-877-CVD-19NY (1-877-283-1969)** নম্বরে।

তারিখে ভ্রমণকারীদের জন্য বাধ্যতামূলকভাবে কোয়ারেন্টাইনে থাকার শর্ত পূরণ করে এমন স্টেটসমূহের নাম এখানে দেয়া হয়েছে। এই তালিকা নিয়মিতভাবে পরিবর্তিত হয়। সবচেয়ে হালনাগাদ তালিকার জন্য ny.gov/traveladvisory ওয়েবসাইট দেখুন।

COVID-19-এর বিরুদ্ধে লড়াই চালাও NYC!

পরীক্ষা




আপনার
স্ট্যাটাস জানুন।
বিনামূল্যে
COVID-19
এবং এন্টিবডি
পরীক্ষা করান।

অনুসন্ধান



আপনার
কমিউনিটিতে
COVID-19 ছড়িয়ে
পড়া বন্ধ করতে
আমাদের কন্ট্যাক্ট
ট্রেসারদের ফোনকলে
সাদা দিন।

যত্ন নেয়া



অন্যদের
সুরক্ষিত রাখতে
নিরাপদে
আলাদা থাকুন
এবং হোটেলে
বা বাড়িতে যত্ন
নিন।

কোনো প্রশ্ন আছে? NYC COVID-19 হটলাইনে কল করুন
1-877-CVD-19NY (1-877-283-1969) নম্বরে।

এনওয়াইসি টেস্ট এন্ড ট্রেস কর্পস (NYC Test & Trace Corps) আপনার ব্যক্তিগত
এবং স্বাস্থ্য সম্পর্কিত তথ্যের গোপনীয়তা এবং নিরাপত্তা রক্ষায় প্রতিশ্রুতিবদ্ধ।
আমরা যেসব তথ্য পাই তা গোপনীয় এবং নিউ ইয়র্ক সিটি হেল্থ কোডের
(New York City Health Code) অধীনে সুরক্ষিত। টেস্ট এন্ড ট্রেস কর্পস
(Test & Trace Corps) কারো ইমিগ্রেশন স্ট্যাটাস সম্পর্কে জানতে চাইবেনা।

Bengali 08/20

NYC
HEALTH+
HOSPITALS

Test & Trace
Corps